



কয়েক সপ্তাহের মধ্যেই ইরান যুদ্ধ শেষ হতে পারে: মার্কিন পররাষ্ট্রমন্ত্রী



মার্কিন পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিও। ছবি: সংগৃহীত

ইরানকে ঘিরে চলমান সংঘাত বেশি দিন স্থায়ী হবে না বলে জানিয়েছেন যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রী। তার মতে, কয়েক সপ্তাহের মধ্যেই যুদ্ধ শেষ হওয়ার সম্ভাবনা রয়েছে এবং এতে স্থলবাহিনী নামানোর প্রয়োজন হবে না।

ফ্রান্সে জি-সেভেন জোটের পররাষ্ট্রমন্ত্রীদের বৈঠক শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি বলেন, নির্ধারিত সময়ের মধ্যেই অভিযান শেষ করার পথে রয়েছে যুক্তরাষ্ট্র। এমনকি সময়ের আগেই তা সম্পন্ন হতে পারে বলেও তিনি ইঙ্গিত দেন।

তিনি জানান, যুদ্ধের অগ্রগতি সন্তোষজনক এবং দীর্ঘ সময় ধরে এই সংঘাত চলবে না।

আরও কিছু কাজ বাকি থাকলেও সেগুলো দ্রুত শেষ করা সম্ভব বলে উল্লেখ করেন তিনি। তার ভাষায়, পরিকল্পনা অনুযায়ী এগোলে স্থলবাহিনীর অংশগ্রহণ ছাড়াই লক্ষ্য অর্জন সম্ভব।

LENS ASIA